গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ
জে এম শাখা
www.munshiganj.gov.bd

## জেলা আদালত সহায়তা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ আবুজাফর রিপন বিপিএএ
জেলা ম্যাজিস্ট্রেট,মুন্সীগঞ্জ

তারিখ : ১০ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ

সময় : সকাল ১১:১৫টা

স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ।

উপস্থিত সদস্য : পরিশিষ্ট ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মুন্সীগঞ্জ জেলা আদালত সহায়তা কমিটির ১৩ আগস্ট ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | <u>আদালতে সাক্ষীদের হাজিরকরণ:</u><br>কোর্ট পুলিশ পরিদর্শক, মুন্সীগঞ্জ বলেন, আগস্ট ২০২৩ মাসে ১২৩৫ জন সাক্ষী আদালতে হাজির হলে ১২২৯ জনের সাক্ষ্য গ্রহণ করা হয়। বিজ্ঞ বিচারক অসুস্থ থাকায় ০৬ জন সাক্ষীর সাক্ষ্য গ্রহণ করা হয় নাই।<br>বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট বলেন, আদালতে সাক্ষী উপস্থিতি গত জুলাই ২০২৩ মাসের তুলনায় আগস্ট ২০২৩ মাসে হ্রাস পেয়েছে। মামলার সাক্ষী উপস্থিত করার বিষয়ে তিনি পুলিশ সুপার মহোদয়ের আন্তরিক সহযোগিতা কামনা করেন।<br>সভাপতি আদালতে হাজির হওয়া সাক্ষীদের সাক্ষ্য গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং ফৌজদারি কার্যবিধির ১৭১(২) ধারা অনুযায়ী সাক্ষীদের আদালতে হাজির করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | ১) ফৌজদারি কার্যবিধির ১৭১(২) ধারা অনুযায়ী সাক্ষী উপস্থিত করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২) মামলার সাক্ষী নির্ধারিত তারিখে হাজির হলে তাদের সাক্ষ্য গ্রহণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। পুলিশ সুপার , মুন্সীগঞ্জ।<br>২। কোর্ট পুলিশ পরিদর্শক, মুন্সীগঞ্জ।<br>৩। বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, মুন্সীগঞ্জ। |
| ০২. | <u>দায়রা আদালতে দায়েরকৃত মামলার রায়ের কপি জেলা ম্যাজিস্ট্রেট এর নিকট প্রেরণ:</u> বিজ্ঞ পিপি, মুন্সীগঞ্জ বলেন, আগস্ট ২০২৩ মাসে ফৌ:কা:বি: ৩৭৩ ধারায় প্রাপ্ত মোট রায়ের সংখ্যা ১৩টি, আপীল যোগ্য রায়ের সংখ্যা ১৮টি, আপীল দায়েরের সংখ্যা ৫৭টি, রিভিশন দায়েরের সংখ্যা ২৪টি এবং দায়রা জজ আদালতে দায়েরকৃত আপীল/ রিভিশনের সংখ্যা ৮১টি ।<br>সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা ও ৩৭৩ | ফৌজদারী কার্যবিধির ৩৭৩ ধারা মোতাবেক দায়রা আদালতে দায়েরকৃত মামলার রায়ের কপি জেলা ম্যাজিস্ট্রেট এর নিকট প্রেরণ করতে হবে। | ১।কোর্ট পুলিশ পরিদর্শক, মুন্সীগঞ্জ।<br>২। বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, মুন্সীগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| | ধারার বিধানমতে দায়রা আদালতে দায়েরকৃত মামলার রায়ের কপি জেলা ম্যাজিস্ট্রেট এর নিকট প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | | |
| ০৩. | **<u>আদালতে চলমান অনিষ্পন্ন মামলা দ্রুত নিষ্পত্তিকরণ:</u>**<br>সভায় চলমান মাদক সংক্রান্ত মামলার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিচারাধীন মোট মাদক মামলার সংখ্যা ৫১৫৬টি, আগস্ট ২০২৩ নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ৯১টি এবং অনিষ্পন্ন মামলার সংখ্যা ৫০৬৫টি। এছাড়া, মোট বিচারাধীন চোরাচালান মামলার সংখ্যা ১৪২টি। বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ০১টি এবং মাস শেষে বিচারাধীন মামলার সংখ্যা ১৪১টি।<br>সভাপতি বিজ্ঞ আদালতে মাদকের মামলাসহ অনিষ্পন্ন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে বিজ্ঞ পিপিকে অনুরোধ জানান। | ১। আদালতে চলমান অনিষ্পন্ন মামলার চূড়ান্ত রিপোর্ট দ্রুত জমা দেয়াসহ মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত মনিটরিং করতে হবে।<br>২। কতগুলো মামলায় আসামী খালাস ও কতগুলো মামলায় সাজাপ্রাপ্ত হলো তার বিস্তারিত প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>৩। মামলা সমূহের কোর্টভিত্তিক তালিকা প্রেরণ করতে হবে। | ১। কোর্ট পুলিশ পরিদর্শক, মুন্সীগঞ্জ।<br>২। বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, মুন্সীগঞ্জ। |
| ০৪. | **<u>বিনা বিচারে আটক হাজতীদের আইনি সহায়তা প্রদান:</u>**<br>বিজ্ঞ পিপি বলেন, কোন হাজতী দীর্ঘদিন বিনা বিচারে আটক থাকলে বা তাদের আইনজীবী নিয়োগের সংগতি না থাকলে জেল সুপার এর মাধ্যমে জেলা লিগ্যাল এইড কমিটির নিকট আবেদন করা হয়ে থাকে। তৎপ্রেক্ষিতে জেলা লিগ্যাল এইড কমিটি আইনজীবী নিয়োগ করে থাকে।<br>জেল সুপার, মুন্সীগঞ্জ বলেন, আগস্ট ২০২৩ মাসে বন্দীদের নিকট হতে ০৭টি আবেদন পাওয়া গিয়েছে এবং কোনো বন্দীকে আইনি সহায়তা প্রদানের জন্য লিগ্যাল এইডের মাধ্যমে আইনজীবী নিয়োগ করা হয় নি।<br>সভাপতি দীর্ঘদিন বিনা বিচারে আটককৃতদের আইনি সহায়তা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে বিজ্ঞ পিপি কে অনুরোধ জানান। এছাড়াও লিগ্যাল এইডের মাধ্যমে আইনি সহায়তা প্রদান সংক্রান্ত মাসভিত্তিক তথ্য সভায় উপস্থাপনের জন্য তিনি জেল সুপারকে অনুরোধ জানান। সভাপতি লিগ্যাল এইডের মাধ্যমে বিরোধ নিষ্পত্তি ও বিকল্প বিরোধ নিষ্পত্তির বিষয়ে ইউনিয়ন পর্যায়ে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ জানান। গ্রাম আদালতের মাধ্যমে মামলা নিষ্পত্তির হার বৃদ্ধি করার জন্য নির্দেশনা প্রদান করেন ও উপজেলা নির্বাহী অফিসারগণকে নিয়মিত গ্রাম আদালত পরিদর্শন পূর্বক প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশনা প্রদান | ১। দীর্ঘদিন বিনা বিচারে আটককৃত হাজতীদের প্রয়োজনীয় আইনি সহায়তা প্রদান করতে হবে।<br>২। লিগ্যাল এইডের মাধ্যমে বিরোধ নিষ্পত্তি ও বিকল্প বিরোধ নিষ্পত্তির বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। লিগ্যাল এইড এর সেবা সংক্রান্ত তথ্য প্রেরণ করতে হবে। | ১। পুলিশ সুপার, মুন্সীগঞ্জ<br>২। সিভিল সার্জন, মুন্সীগঞ্জ<br>৩।উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ<br>৪। কোর্ট পুলিশ পরিদর্শক, মুন্সীগঞ্জ।<br>৫। বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, মুন্সীগঞ্জ।<br>৬। জেল সুপার, মুন্সীগঞ্জ। |

| | করেন। | | |
|---|---|---|---|

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৪.৯.২৩

মোঃ আবুজাফর রিপন বিপিএএ
জেলা ম্যাজিস্ট্রেট
ও
সভাপতি
জেলা আদালত সহায়তা কমিটি, মুন্সীগঞ্জ
ফোন: ০২৯৯৭৭৩১১০০
e-mail:dcmunshiganj@mopa.gov.bd

স্মারক নং-০৫.৩০.৫৯০০.৪০৫.০৯.০০২.১৯- ১৫৬

তারিখ: ০৯ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২৪ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৬। বিজ্ঞ জেলা ও দায়রা জজ, মুন্সীগঞ্জ।
৭। পুলিশ সুপার, মুন্সীগঞ্জ।
৮। সিভিল সার্জন, মুন্সীগঞ্জ।
৯। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, মুন্সীগঞ্জ।
১০। ক্যাম্প কমান্ডার, র‍্যাব-১০, ভাগ্যকুল, শ্রীনগর, মুন্সীগঞ্জ
১১। কোম্পানি কমান্ডার, র‍্যাব-১১, কালিরবাজার, নারায়ণগঞ্জ
১২। বিজ্ঞ পিপি, মুন্সীগঞ্জ।
১৩। সভাপতি, জেলা আইনজীবী সমিতি, মুন্সীগঞ্জ।
১৪। কারা তত্ত্বাবধায়ক, মুন্সীগঞ্জ।
১৫। জনাব.............................................................................
১৬। অফিস কপি।

২৪.৯.২৩

তৌহিদ এলাহী
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
ও
সদস্য সচিব
জেলা আদালত সহায়তা কমিটি, মুন্সীগঞ্জ